গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা-১২১৯
www.ansarvdp.gov.bd

স্মারক নং-৪৪.০৩.০০০০.০১১.২৪.০২৭.২০.৪০৭

তারিখ ঃ ২৫/১০/১৪২৯ বঙ্গাব্দ।
০৮/০১/২০২৩ খ্রিষ্টাব্দ।

## অফিস আদেশ

বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদর দপ্তর, বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমিসহ মাঠ পর্যায়ে রেঞ্জ, আনসার ব্যাটালিয়ন, জেলা, জোন, ভিটিসি, উপজেলা কার্যালয় ও প্রশিক্ষণ কেন্দ্রসমূহে যদি কোন অগ্নিকান্ড বা অনাকাঙ্খিত ঘটনার উদ্ভব বা বিপদজনক কোন কিছুর আভাস পাওয়া যায় তবে ইউনিটের জনবল ও লজিস্টিকস দ্বারা দক্ষতা ও পেশাদারিত্বের সাথে উক্ত সংকট মোকাবেলা করার নিমিত্তে নিম্নবর্ণিত কাঠামো অনুযায়ী প্রতিটি ইউনিটে একটি কমিটি গঠনপূর্বক নিয়মিত অনুশীলনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**সদর দপ্তরের কমিটি**

| ক্রঃ নং | পদবি | মন্তব্য |
|---|---|---|
| ক। | ১ × উপপরিচালক | সভাপতি |
| খ। | ১ × সহকারী পরিচালক | সদস্য |
| গ। | ১ × সার্কেল অ্যাডজুট্যান্ট/সমমান | সদস্য |
| ঘ। | প্রয়োজন অনুযায়ী কর্মচারী | সদস্য |

**একাডেমির কমিটি**

| ক্রঃ নং | পদবি | মন্তব্য |
|---|---|---|
| ক। | ১ × উপপরিচালক | সভাপতি |
| খ। | ১ × সহকারী পরিচালক | সদস্য |
| গ। | ১ × সার্কেল অ্যাডজুট্যান্ট | সদস্য |
| ঘ। | প্রয়োজন অনুযায়ী কর্মচারী | সদস্য |

**রেঞ্জ কার্যালয়ের কমিটি**

| ক্রঃ নং | পদবি | মন্তব্য |
|---|---|---|
| ক। | ১ × সহকারী পরিচালক | সভাপতি |
| খ। | ১ × সার্কেল অ্যাডজুট্যান্ট/সমমান | সদস্য |
| গ। | ১ × উচ্চমান সহকারী | সদস্য |
| ঘ। | প্রয়োজন অনুযায়ী কর্মচারী | সদস্য |

**আনসার ব্যাটালিয়নের কমিটি**

| ক্রঃ নং | পদবি | মন্তব্য |
|---|---|---|
| ক। | ১ × সহকারী পরিচালক | সভাপতি |
| খ। | ১ × সার্কেল অ্যাডজুট্যান্ট/ কোম্পানী কমান্ডার | সদস্য |
| গ। | ১ × প্লাটুন কমান্ডার (পিসি) | সদস্য |
| ঘ। | প্রয়োজন অনুযায়ী আনসার ব্যাটালিয়নের সদস্য | সদস্য |

**জেলা কার্যালয়ের কমিটি**

| ক্রঃ নং | পদবি | মন্তব্য |
|---|---|---|
| ক। | ১ × সহকারী পরিচালক | সভাপতি |
| খ। | ১ × সার্কেল অ্যাডজুট্যান্ট/সমমান | সদস্য |
| গ। | ১ × উচ্চমান সহকারী | সদস্য |
| ঘ। | আনসার ব্যাটালিয়নের সদস্য/প্রয়োজন অনুযায়ী কর্মচারী | সদস্য |

**ঢাকা ও চট্টগ্রাম মহানগর থানা কার্যালয়ের কমিটি**

| ক্রঃ নং | পদবি | মন্তব্য |
|---|---|---|
| ক। | ১ × থানা/উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা | সভাপতি |
| খ। | ১ × থানা/উপজেলা প্রশিক্ষক/প্রশিক্ষিকা | সদস্য |
| গ। | ১ × থানা/উপজেলা কোম্পানী কমান্ডার | সদস্য |
| ঘ। | প্রয়োজন অনুযায়ী টিডিপি সদস্য | সদস্য |

**ঢাকা ও গাজীপুর ভিটিসি কার্যালয়ের কমিটি**

| ক্রঃ নং | পদবি | মন্তব্য |
|---|---|---|
| ক। | ১ × সার্কেল অ্যাডজুট্যান্ট/সমমান | সভাপতি |
| খ। | ১ × উচ্চমান সহকারী | সদস্য |
| গ। | প্রয়োজন অনুযায়ী কর্মচারী | সদস্য |

**উপজেলা/থানা কার্যালয়ের কমিটি**

| ক্রঃ নং | পদবি | মন্তব্য |
|---|---|---|
| ক। | ১ × থানা/উপজেলা প্রশিক্ষক/প্রশিক্ষিকা | সভাপতি |
| খ। | ১ × থানা/উপজেলা কোম্পানী কমান্ডার | সদস্য |
| গ। | প্রয়োজন অনুযায়ী উপজেলা কোম্পানীর আনসার সদস্য | সদস্য |

২। **কার্যক্রমঃ**

ক। **ফায়ার অ্যালার্ম সিস্টেম।** এটি এমন স্থানে স্থাপন করতে হবে যাতে পুরো ইউনিট এলাকায় সকলে শুনতে পায়। ফায়ার অ্যালার্ম বাজানোর জন্য নিম্নলিখিত যে কোন উপায় অবলম্বন করা যেতে পারে।

(১) বাঁশি/বিগল ও ঘন্টা বাজানো।

(২) 'আগুন আগুন' বলে প্রবল চিৎকার করা।



CamScanner

খ।  **ফায়ার ফাইটিং পার্টি।** বালি/পানির বালতি, অগ্নি নির্বাপক যন্ত্র নিয়ে ফায়ার ফাইটিং পার্টি প্রস্তুত হবে। তারা আগুন নিভানোর মূল দল হিসেবে কাজ করবে।

গ।  **কর্ডন পার্টি।** তাদের দায়িত্ব হল কোন বহিরাগত ব্যক্তিবর্গ যেন অগ্নি সংগঠিত এলাকায় অসৎ উদ্দেশ্য নিয়ে প্রবেশ করতে না পারে সেই দিকে লক্ষ্য রাখা।

ঘ।  **উদ্ধার পার্টি।** এই পার্টি জানমাল, অস্ত্র ও গোলাবারুদ, ভান্ডার মালামাল এবং গুরুত্বপূর্ণ নথিপত্র ইত্যাদি অগ্রাধিকার ভিত্তিতে উদ্ধারে নিয়োজিত থাকবে।

ঙ।  **রানার্স।** তারা টেলিফোনের মাধ্যমে নিকটবর্তী ফায়ার সার্ভিস স্টেশন ও ৯৯৯ নম্বরে ফোন দিয়ে বার্তা দিবে এবং অফিসার ও অন্যান্য সংশ্লিষ্ট স্থানে বার্তা পৌছানোর কাজ করবে।

৩।  **দায়িত্বঃ**

ক।  অসাবধানতাই অগ্নিকান্ডের প্রধান কারণ। অগ্নি প্রতিরোধে সকলকে সচেতন করবে।

খ।  অগ্নি নিরাপত্তার জন্য সবসময় ভবনে অগ্নি নির্বাপন যন্ত্র, দুই বালতি পানি বা বালু মজুদ রাখার ব্যবস্থা করতে হবে।

গ।  রান্নার পর চুলার আগুন সম্পূর্ণ নিভিয়ে ফেলতে হবে। গ্যাসের চুলা হলে ফুঁ দিয়ে না নিভিয়ে রান্না শেষ হলে চুলার চাবি ভালো করে বন্ধ করে দিতে হবে।

ঘ।  ভবনের বৈদ্যুতিক মেইন সুইচ বাধাহীনভাবে প্রবেশ করা যায় এমন স্থানে স্থাপন করতে হবে। দুর্ঘটনার শুরুতেই মেইন সুইচ বন্ধ করতে হবে।

ঙ।  প্রতিটি ইউনিটে অভিজ্ঞ ইলেকট্রিশিয়ান দ্বারা নিয়মিত ভবনের বৈদ্যুতিক কেবল ও ফিটিংস পরীক্ষা করতে হবে।

চ।  প্রচলিত নিয়ম অনুসারে অগ্নি নির্বাপক যন্ত্রপাতি স্থাপন ও প্রয়োজনীয় প্রশিক্ষণ গ্রহণ এবং অগ্নি প্রতিরোধ, অগ্নি নির্বাপন, উদ্ধার ও প্রাথমিক চিকিৎসা বিষয়ে সকলকে প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা নিতে হবে।

ছ।  কমিটি মাসে কমপক্ষে একবার সভা করবে এবং অগ্নি নির্বাপক যন্ত্রপাতির সঠিকতা যাচাই করবে। প্রয়োজনে ইউনিটের ফায়ার ফাইটিং সিস্টেম আধুনিকায়নের সুপারিশ করবে।

জ।  কার্যক্রমের বিভিন্ন পার্টি গঠনপূর্বক মাঝে মাঝে মহড়ার আয়োজন করবে।

৪।  কর্তৃপক্ষের নির্দেশক্রমে এই আদেশ জারি করা হলো।

৮/২৩ (স্বাক্ষরিত)

মুহাম্মদ মেহেদী হাসান, বিএএম, পিএএমএস
বিএডি-১২০০৮৫
পরিচালক (প্রশাসন)
দূরালাপনী: ৪৭১১৪৯২৫
ই-মেইল : dir_admin@ansarvdp.gov.bd

তারিখ: ২৫/১০ /১৪২৯ বঙ্গাব্দ।
০৮/০২ /২০২৩ খ্রিষ্টাব্দ।

স্মারক নং-৪৪.০৩.০০০০.০১১.২৪.০২৭.২০. ৪০৭

**অনুলিপিঃ**

১। মহাপরিচালক মহোদয়ের সচিবালয় বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। — সদয় অবগতির জন্য।
২। অতিরিক্ত মহাপরিচালক বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। — "
৩। কমান্ড্যান্ট, বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর। — সদয় অবগতি ও কার্যক্রমের জন্য।
৪। উপমহাপরিচালক (প্রশাসন/অপারেশনস/প্রশিক্ষণ) বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। — সদয় অবগতির জন্য।
৫। উপমহাপরিচালক (রেঞ্জ)/পরিচালক (রেঞ্জ) (রেঞ্জের দায়িত্বপ্রাপ্ত) (সকল) বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী..............................রেঞ্জ। — সদয় অবগতি ও কার্যক্রমের জন্য।
৬। পরিচালক (সকল)........................................................................ বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও,ঢাকা। — অবগতির জন্য।
৭। পরিচালক/ব্যাটালিয়ন অধিনায়ক (সকল) .........আনসার ব্যাটালিয়ন...................................................... — অবগতি ও কার্যক্রমের জন্য।
৮। পরিচালক, মহানগর আনসার, ঢাকা/চট্টগ্রাম। — "
৯। পরিচালক, আনসার গার্ড ব্যাটালিয়ন (এজিবি), ভাটারা, ঢাকা। — "
১০। অধিনায়ক, আনসার ফোর্স, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা। — "



CamScanner

| | | |
|---|---|---|
| ১১। | নির্বাহী প্রকৌশলী, উপপরিচালক (চিকিৎসা) ও আইন বিষয়ক উপদেষ্টা<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | অবগতির জন্য। |
| ১২। | উপপরিচালক (প্রশাসন-উইং)............................................................<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | সদর দপ্তরের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য। |
| ১৩। | উপপরিচালক (সকল)...........................................................<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | অবগতির জন্য। |
| ১৪। | জেলা কমান্ড্যান্ট (সকল)...................................................... | আপনার অধীন কার্যালয়সমূহে অবহিত ও কার্যক্রমের জন্য। |
| ১৫। | জোন অধিনায়ক (সকল), মহানগর আনসার ঢাকা/চট্টগ্রাম................। | " |
| ১৬। | ওআইসি, ডিএমপি ২০০০ গুপ, ঢাকা। | অবগতি ও কার্যক্রমের জন্য। |
| ১৭। | অধিনায়ক, ভিটিসি, কলাকোপা, নবাবগঞ্জ, ঢাকা/ ভিটিসি গাজীপুর। | " |
| ১৮। | সহকারী পরিচালক (সকল)<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | অবগতির জন্য। |
| ১৯। | আইসিটি শাখা<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | পত্রটি অত্র বাহিনীর ওয়েবসাইটে প্রচারের জন্য। |
| ২০। | নিয়ন্ত্রণ কক্ষ<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | সংশ্লিষ্ট সকলকে অবগতির জন্য। |
| ২১। | অফিস ও মাস্টার কপি। | |

পরিচালক (প্রশাসন) ৬/৬/২৩

D:\Babul\Letter (a4)-2.docx